

৫০৩তম পানিহাটির ঐতিহ্যপূর্ণ দন্ড মহোৎসব এবং বই প্রকাশ অনুষ্ঠান



গত ১৫ই জুন ২০১৯ এ পানিহাটির গঙ্গাতীরবর্তী স্থান মহোৎসবতলায় শ্রীনিত্যানন্দ মহাপ্রভু, শ্রীচৈতন্য মহাপ্রভু ও শ্রীরঘুনাথ দাসের স্মৃতি বিজড়িত দন্ড মহোৎসব বা চিড়া দই মেলা অনুষ্ঠিত হয়। এই উৎসবটি পৃথিবীর অন্যতম একটি প্রাচীন উৎসব। এই বছর এই মেলাটি ৫০৩ বছরে পদার্পন করেছে। এই উৎসবে দেশ বিদেশ থেকে প্রচুর ভক্তের সমাগম হয়েছিল। এইটি বৈষ্ণবদের একটি প্রাচীন অনুষ্ঠান। এখানে ভক্তদের ভগবান নিত্যানন্দ ও গৌরাঙ্গের কৃপা পাওয়ার জন্য তাঁদের যে আকৃতি তা লক্ষ্যনীয়।

এই উৎসবে মালসায় চিড়া দই ভোজন, ভক্তদের প্রসাদ বিতরণ ইত্যাদি অনুষ্ঠিত হয় এছাড়াও বহু ভক্ত কীর্তন, গঙ্গাস্নান ও অন্যান্য পূজা অর্চনা প্রভৃতি অনুষ্ঠানের দ্বারা পূণ্য অর্জন করেন। এই উপলক্ষে এখানকার ঐতিহ্যপূর্ণ স্থান রাঘব ভবন, চৈতন্য মহাপ্রভুর মন্দির, ইস্কন মন্দির ও আরও বিভিন্ন মন্দিরেও প্রচুর ভক্ত সমাগম হয়।

এই বছরে এই মেলাটির বিশেষ তাৎপর্য এই যে এই শুভ দিনে এই এলাকার দর্শনীয় স্থান এবং গঙ্গার ঘাট ইত্যাদি নিয়ে একটি বই প্রকাশিত হয়েছে যার নাম “ঐতিহ্যময় পুণ্যস্থান পানিহাটি দর্শন”। বইটি প্রকাশ করেন প্রাক্তন পানিহাটি পৌরসভার পৌরপ্রধান মাননীয় স্বপন ঘোষ মহাশয়। এছাড়াও এখানে পানিহাটির ওপর একটি প্রদর্শনীও আয়োজন করা হয়েছিল। বহু পূণ্যার্থী ও দর্শক এই প্রদর্শনী ঘুরে দেখে পানিহাটির ঐতিহ্য সম্বন্ধে অবহিত হন। উক্ত বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডঃ শেখর কুমার শেঠ, দূরদর্শনখ্যাত ও প্রখ্যাত আবৃত্তিকার ডঃ অরুণ বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন প্রধান শিক্ষক রতন রায়চৌধুরি, শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়, বেঙ্গল বিট (ইউ টিউব) এর সঞ্চালিকা সোমা ঘোষ প্রমুখ।

এই অনুষ্ঠানটি পানিহাটি পৌরসভার ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়।